



NSW শিক্ষা বিভাগ

আমার সন্তানের জন্য অপর্চুনিটি ক্লাস বা সিলেক্টিভ হাই স্কুলে যোগদানের জন্য আবেদন করা

কেন সিলেক্টিভ শিক্ষা?

উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাবান শিক্ষার্থীদের একত্রিত করা এবং বিশেষ শিক্ষণ পদ্ধতি ব্যবহার করা সহায়তা করে তাদের:

- একাডেমিক উন্নয়নে
- মানসিক সুস্থতা; এবং
- বন্ধুত্ব এবং সামাজিক জীবনে।

শিক্ষার্থীরা আমাদের বলে যে তারা আরও শিখতে উপভোগ করে যখন তাদের সহপাঠীদের একই রকম দক্ষতা এবং আগ্রহ থাকে।

এটা কি আমার সন্তানের জন্য সঠিক?

এখানে কিছু লক্ষণ রয়েছে যা আপনার সন্তান সিলেক্টিভ শিক্ষা থেকে উপকৃত হতে পারে।



দ্রুত এবং সহজে শিখে



অত্যন্ত অনুপ্রাণিত



জটিল প্রশ্ন জিজ্ঞাসা করে



ভালো স্মৃতিশক্তি



কৌতূহলী এবং সৃজনশীল



গভীরভাবে আগ্রহ অনুসন্ধান করে

মনে রাখবেন, কোন কোন শিশুর উচ্চ সম্ভাবনা লুকানো থাকতে পারে। একটি অপর্চুনিটি ক্লাস বা সিলেক্টিভ হাই স্কুলের সাথে সম্পৃক্ত থাকা এই সম্ভাবনার কাজে আসতে পারে।



আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আমি কিভাবে আমার সন্তানকে সহায়তা করতে পারি?



সিলেক্টিভ শিক্ষার **সুবিধা** এবং **চ্যালেঞ্জগুলো** সম্পর্কে আপনার সন্তানের সাথে কথা বলুন এবং তাদের প্রশ্ন এবং উদ্বেগগুলোর দিকে দৃষ্টিপাত করুন।



আপনার **সন্তানের শিক্ষককে** (বা অন্যান্য কর্মীদের যারা আপনার সন্তানকে ভালভাবে চেনেন) জিজ্ঞাসা করে জেনে নিন যে সিলেক্টিভ শিক্ষা আপনার সন্তানের জন্য উপযুক্ত হবে কিনা।



প্রতিবন্ধকতা বা চিকিৎসাজনিত যে কোনও প্রয়োজনীয় **যুক্তিসঙ্গত সামঞ্জস্যের** জন্য আবেদন করুন।



পরীক্ষার প্রস্তুতির জন্য আপনার শিশুকে বিভাগের **বিনামূল্যে উপকরণগুলো** ব্যবহার করতে উৎসাহিত করুন।



আপনার সন্তানকে মনে করিয়ে দিন যে নির্বাচনী পরীক্ষার জন্য তাদেরকে কেবল **অল্প পরিমাণে প্রস্তুতি** নিতে হবে এবং কোচিংয়ের প্রয়োজন নেই।



আপনার শিশুকে **পাঠ্যক্রমবহির্ভূত ক্রিয়াকলাপ** চালিয়ে যেতে, বন্ধুদের সাথে দেখা করতে, স্বাস্থ্যকর খাবার খেতে এবং পরীক্ষার আগে ভাল ঘুমাতে সহায়তা করুন।

ইকুইটি প্লেসমেন্ট মডেল (সমতা ভিত্তিক স্থান পাওয়া)

উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাবানদের জন্য অপর্চুনিটি ক্লাস বা সিলেক্টিভ হাই স্কুলে **20% পর্যন্ত স্থান সংরক্ষণ করে নিম্নতম শিক্ষার্থীদের:**

- শিক্ষা গ্রহণের ক্ষেত্রে নিম্ন সুবিধা ভোগী সমাজের শিক্ষার্থীরা
- আদিবাসী এবং/অথবা টরেস স্ট্রেইট আইল্যান্ডার শিক্ষার্থী
- গ্রামীণ এবং প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীরা
- প্রতিবন্ধী শিক্ষার্থী।

আরও জেনে নিন:

edu.nsw.link/equity

<https://education.nsw.gov.au/public-schools/selective-high-schools-and-opportunity-classes/general-information/translated-resources>



আর্থিক সহায়তা

edu.nsw.link/pubedu

পাবলিক এডুকেশন ফাউন্ডেশনের **বৃত্তিগুলো** NSW সরকারী স্কুলগুলোতে তরুণদের সুযোগ পেতে এবং তাদের সম্ভাবনায় পৌঁছাতে সহায়তা করার জন্য আর্থিক সহায়তা সরবরাহ করে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে আবেদন করতে এবং নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনও ফি নেই এবং সিলেক্টিভ হাই স্কুল বা অপর্চুনিটি ক্লাসে ভর্তি হওয়ার জন্য কোনও স্কুল ফি নেই।

টেলিফোন দোভাষী পরিষেবা

আপনার সন্তানের শ্রেণি শিক্ষকের সাথে কথা বলার জন্য আপনার যদি দোভাষীর সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য জিজ্ঞাসা করুন। আপনি যে ফোন নম্বরটি কল করতে চান তা অপারেটরকে বলুন এবং অপারেটর আপনাকে কথোপকথনে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবে। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।

আবেদন করার জন্য প্রস্তুত হোন

আমাদের ওয়েবসাইট থেকে আরও জেনে নিন

